

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
প্রধান কার্যালয়
৪১ সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

Email: dg@dnc.gov.bd , website: www.dnc.gov.bd

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এর ২০১৯ সালের ২য় ত্রৈমাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ জামাল উদ্দীন আহমেদ
মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।
তারিখ ও সময় : ১৯ এপ্রিল, সকাল ১০.৩০ ঘটিকা।
সভার স্থান : অধিদপ্তরের সম্মেলন কক্ষ।
সভার উপস্থিতি : পরিশিষ্ট- 'ক'।

সভাপতি উপস্থিত সকলকে নতুন স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই তিনি ২৬ জুন মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২০১৯ এর প্রস্তুতির বিষয়টি সভার অবহিত করার জন্য পরিচালক (নিরোধ-শিক্ষা) কে অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (নিরোধ-শিক্ষা) এ বিষয়ে বিস্তারিত কর্মপরিকল্পনা, কমিটি, সাব-কমিটিসমূহের দায়িত্ব-কর্মপরিধি এবং এ পর্যন্ত সম্পাদিত কাজের অগ্রগতি সম্পর্কে সভাকে অবহিত করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

ক্রম	আলোচনার বিষয়	সিদ্ধান্ত	ব্যবস্থাকারী/কর্তৃপক্ষ
০১।	রচনা প্রতিযোগিতা	মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন ২০১৯ উপলক্ষে বিভাগীয় ও জেলায় শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র/ছাত্রীদের মধ্যে রচনা প্রতিযোগিতার আয়োজন করা হবে।	পরিচালক/উপপরিচালক
০২।	মানবন্ধন	মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন ২০১৯ উপলক্ষে বিভাগীয় ও জেলায় মানবন্ধন করতে হবে।	পরিচালক/উপপরিচালক
০৩।	ভেন্যু নির্বাচন: সভায় জানানো হয় যে, আগে থেকে সরকারি প্রোগ্রাম থাকায় বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র এবং ওসমানী স্মৃতি মিলনায়তন বুকিং পাওয়া যাবে না। তবে, ঢাকার খামারবাড়ীস্থ কৃষিবিদ ইনস্টিটিউট-এ বুকিং পাওয়া যেতে পারে।	২৬ জুনের আলোচনা সভাসহ অন্যান্য অনুষ্ঠানাদি সম্পাদনের লক্ষ্যে মানসম্মত ভেন্যু এখনই নির্বাচন করা প্রয়োজন। বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র এবং ওসমানী স্মৃতি মিলনায়তন বুকিং না পাওয়ার বিষয়টি নিশ্চিত হলে ঢাকার খামার বাড়ীস্থ কৃষিবিদ ইনস্টিটিউট-এর বুকিং দ্রুত নিশ্চিত করা প্রয়োজন।	পরিচালক (নিরোধ-শিক্ষা) প্রতিদেয় পরিচালক/উপপরিচালক, ঢাকা মেট্রো
০৪	ক্রোড়পত্র প্রকাশ: ক্রোড়পত্র শেষ সময়ে তড়িঘড়ি করে প্রকাশ করা যাবে না। এটি মানসম্মত হতে হবে এবং আগেই প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রধান কার্যালয়ের অধিাখাভিত্তিক তথ্য/লেখা তৈরী করে আগামী ১৫-০৫-২০১৯ তারিখের মধ্যে নিরোধ শিক্ষা অধিদপ্তরে জমা দিতে হবে এবং আগামী ২৫-০৫-২০১৯ তারিখের মধ্যে ক্রোড়পত্রের কাজ শেষ করতে হবে।	পরিচালক/উপপরিচালক (নিরোধ-শিক্ষা)
০৫	বাণী : ২৬ জুন উপলক্ষে বাণী প্রকাশ করতে হবে।	১৫/০৫/২০১৯ তারিখের মধ্যে বাণী সংগ্রহ করতে হবে। ২৬শে জুন ২০১৯ উদযাপন উপলক্ষে বাণী বিভিন্ন জাতীয় প্রতিকাশ বাণী প্রকাশ করাতে হবে। এ বিষয়ে একটি সাব-কমিটি করা হয়েছে। উক্ত কমিটির আহ্বায়ক উপ-পরিচালক(নিরোধ শিক্ষা)	উপ-পরিচালক(নিরোধ-শিক্ষা)সহ সংশ্লিষ্ট কমিটির সকলে।
০৬	ডি.ও লেটার পাঠানো:	ডিও লেটারসমূহ মহাপরিচালক মহোদয়ের স্বাক্ষরের জন্য ০৯ মে/১৯ এর মধ্যে উপস্থাপন ও স্বাক্ষর করিয়ে নিতে হবে।	পরিচালক/উপপরিচালক (নিরোধ-শিক্ষা)

ক্রম	আলোচনার বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কৃৎপক্ষ
০৭	দিবস উদযাপন উপলক্ষে প্রত্যেক উপজেলায় অর্থ বরাদ্দ প্রসঙ্গে।	বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনান্তে মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন ২০১৯ উপলক্ষে প্রত্যেক উপজেলার জন্য জেলা কার্যালয়ের অনুকূলে সেমিনার ও কনফারেন্স এবং প্রচার ও বিজ্ঞাপন খাত থেকে অর্থ বরাদ্দের জন্য ০১(এক) সপ্তাহের মধ্যে মহাপরিচালক মহোদয়ের নিকট বাজেট উপস্থাপন করতে হবে।	বাস্তবায়নকারী কৃৎপক্ষ সহকারী পরিচালক (অর্থ ও হিসাব)
০৮	সড়কদ্বীপ সজ্জিতকরণ।	মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন ২০১৯ উপলক্ষে বিভাগীয় ও জেলা শহরে গুরুত্বপূর্ণ সড়কদ্বীপ সজ্জিত করতে হবে।	উপ-পরিচালক/সহকারী পরিচালক (খসে)

- ০২। ২৬ জুন আন্তর্জাতিক মাদকবিরোধী দিবস ২০১৯ পালন উপলক্ষে গঠিত সকল কমিটি ও উপকমিটিকে যথাসময়ে কার্যক্রম সম্পন্ন করতে এবং এ বিষয়ে পরিচালক (নিরোধ-শিক্ষা) কে প্রয়োজনীয় সহায়তা প্রদান করতে অনুরোধ করা হয়।
- ০৩। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপপরিচালক (প্রশাসন ও অর্থ) কর্তৃক ৩১ জানুয়ারি ২০১৯ তারিখে অনুষ্ঠিত বিগত ত্রৈমাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়। উক্ত কার্যবিবরণীর উপর কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা দৃষ্টীকরণ করা হয়। বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি ধারাবাহিকভাবে পর্যালোচনা করা হয়।
- ০৪। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

ক্রম	আলোচনার বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কৃৎপক্ষ
৪.১	মামলা/অভিযান সংক্রান্ত বিষয়াদি।	ক) মামলা নিষ্পত্তির রেজিস্টার হালনাগাদ রাখতে হবে। নিষ্পত্তিকৃত মামলার রায়েব কপি আদালত হতে অধিদপ্তরে প্রেরণ করা হয় না। ফলে নিষ্পত্তিকৃত মামলার তথ্য হালনাগাদ রাখা সম্ভব হয় না। মামলার রায়েব কপি সংশ্লিষ্ট জেলা কার্যালয়ে প্রেরণের লক্ষ্যে সফটওয়্যার মন্ত্রণালয়ের মাধ্যমে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে সংশ্লিষ্ট বিশি বিধানের আলোকে পত্র প্রেরণ করতে হবে। এ বিষয়ে প্রস্তাব প্রেরণ করা হয়ে থাকলে তাগিদপত্র দিতে হবে।	পরিচালক (অপারেশনস)/ বিভাগীয় কর্মকর্তা/বিভাগীয় গোয়েন্দা/মেট্রো/ জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কর্মকর্তা (সকল)।
		খ) মামলার বিষয়ে প্রতিটি জেলা কার্যালয়ে ফরওয়ার্ড ডাইরী সংরক্ষণ করতে হবে। বিচারাধীন প্রতিটি মামলার তথ্য ফরওয়ার্ড ডাইরীতে লিপিবদ্ধ করতে হবে। ব্যর্থতার দায়ভার সংশ্লিষ্ট কর্মকর্তার উপর বর্তাবে।	পরিচালক (অপারেশনস)/ বিভাগীয় কর্মকর্তা/বিভাগীয় গোয়েন্দা/মেট্রো/ জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কর্মকর্তা (সকল)।
		গ) মাদক ব্যবসায়ীর তালিকা ত্রৈমাসিক ভিত্তিতে (মার্চ-জুন-সেপ্টেম্বর-ডিসেম্বর) হালনাগাদ করে সভা আহবান করতে হবে। তালিকাভুক্ত মাদক ব্যবসায়ীদেরকে গ্রেফতারের জন্য অভিযান বৃদ্ধি করতে হবে। টার্কফোর্সের মাধ্যমে অভিযানের সংখ্যা বৃদ্ধি করতে হবে এবং রিপোর্ট পরিচালক (অপারেশনস) বরাবর প্রেরণ করতে হবে।	পরিচালক (অপারেশনস)/ বিভাগীয় কর্মকর্তা/বিভাগীয় গোয়েন্দা/মেট্রো/ জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কর্মকর্তা (সকল)।
		ঘ) মোবাইল ট্র্যাকিং এ অংশগ্রহণের জন্য National Telecommunication monitoring Centre (NTMC) তে পত্র দেয়া হয়েছে। পত্রটি মনিটরিং করতে হবে। এনএমটিসির সদস্য হতে হবে। যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	পরিচালক (অপারেশনস)/ সিস্টেম এনালিস্ট/সহকারী পরিচালক (বোর্ড)
		ঙ) সমন্বিত অভিযান পরিচালনা করা এবং মাদকবিরোধী অভিযান জোরদার করার সুবিধার্থে রংপুর জেলার ২টি সার্কেল অফিস দূরবর্তী ২ জায়গায় না রেখে একত্রে রাখতে হবে। এ লক্ষ্যে একটি অফিসের বাড়ী ছেড়ে দিয়ে ২টি সার্কেলের জন্য এক জায়গায় অফিস নেওয়ার উদ্দেশ্যে উপযুক্ত একটি বাড়ী ভাড়া করতে হবে।	উপ-পরিচালক (রংপুর)
		চ) অনেক কর্মকর্তা/কর্মচারী বিজ্ঞ আদালতে সাক্ষ্য প্রদানের জন্য প্রায়ই কর্মস্থলের বাইরে থাকেন। এ বিষয়ে পূর্বের সিদ্ধান্ত পুনরায় উল্লেখ করা হলো: মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীগণ প্রতিমাসে	পরিচালক (অপারেশনস)/ অভিযান পরিচালক (সকল)

ক্রম	আলোচনার বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
		১ম সপ্তাহে অথবা শেষ সপ্তাহে একবার মাত্র সাক্ষ্য দিতে যেতে পারবেন। সংশ্লিষ্ট বিজ্ঞ আদালতের সাথে যোগাযোগ করে তারিখ নির্ধারণ করে নিতে হবে। বিশেষ প্রয়োজনে মাসের মধ্যে যদি সাক্ষ্য দিতেই হয় তাহলে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে অনুমতি নিতে হবে।	
		ছ) ৩১শে জানুয়ারী ২০১৯ তারিখে অনুষ্ঠিত ১ম ত্রৈমাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত মোতাবেক প্রমাপ অর্জিত না হওয়ায় বরিশাল 'খ' সার্কেল, ভোলা, ঠাকুরগাঁও, এবং মেহেরপুর জেলার পরিদর্শকের বিরুদ্ধে বিভাগীয় মামলা বুজু করার বিষয়ে কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	পরিচালক(অপারেশন)/ অতিরিক্ত পরিচালক (বরিশাল/রংপুর/খুলনা)
		জ) ৩১শে জানুয়ারী ২০১৯ তারিখে অনুষ্ঠিত ১ম ত্রৈমাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত মোতাবেক প্রমাপ পরিপূর্ণভাবে অর্জিত না হওয়ায় কুড়িগ্রাম, ফেনী, লক্ষীপুর, শেরপুর, নেত্রকোণা, মাদারীপুর জেলার পরিদর্শকগণকে ফেব্রুয়ারি-২০১৯ মাসের মধ্যে প্রমাপের বাকী অংশ পূরণ করতে ব্যর্থ হলে বর্ণিত জেলার পরিদর্শকগণের বিরুদ্ধে বিভাগীয় মামলা চালু করা হবে মর্মে গৃহীত সিদ্ধান্তের কার্যক্রম অব্যাহত রাখতে হবে। সংশ্লিষ্ট অতিরিক্ত পরিচালকগণ বিষয়টি তদারকি করবেন।	পরিচালক(অপারেশন)/ অতিরিক্ত পরিচালক (ঢাকা/চট্টগ্রাম/ ময়মনসিংহ/ রংপুর)
		ঝ) যেসব জেলা মামলার প্রমাপ অর্জন করতে পারেনি সেসব জেলার কর্মকর্তাদেরকে বৈদেশিক প্রশিক্ষণে নতুনদের প্রদান/সুপারিশ করা যাবে না।	পরিচালক (অপারেশন) /ট্রিকিংসা ও পুনর্বাসন অতিঃ পরিচালক/ সহকারী পরিচালক (বোর্ড)
		ঞ) অধিদপ্তরের মাঠ পর্যায়ের কার্যালয় সমূহকে মুভমেন্ট রেজিষ্টার সংরক্ষণ করতে হবে। দাপ্তরিক কাজে অফিসের বাহিরে যেতে হলে মুভমেন্ট রেজিষ্টারে লিপিবদ্ধ করে সিসি নিয়ে যেতে হবে। প্রধান কার্যালয় হতে মুভমেন্ট রেজিষ্টার ও সিসি এর কপি সরবরাহ করতে হবে। অফিস প্রধানগণ সিসিতে স্বাক্ষর করবেন।	পরিচালক (অপারেশন) অতিঃ পরিচালক/ বিভাগীয় গোয়েন্দা/ জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয় (সকল)
		ট) গত তিন মাসে ফেনী জেলায় মামলার প্রমাপ অর্জিত না হলেও উক্ত জেলায় কোয়ালিটি মামলা বুজু হওয়ায় এবং মামলা তদন্তে যথেষ্ট অগ্রগতি থাকায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়।	পরিচালক (অপারেশন) অতিঃ পরিচালক, চট্টগ্রাম/জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, ফেনী।
		ঠ) রাজশাহী বিভাগের সকল জেলায় গত তিন মাসে মামলার প্রমাপ অর্জিত হওয়ায় অদ্যকার সভায় অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয়, রাজশাহী ও সংশ্লিষ্ট সকল জেলাকে ধন্যবাদ জ্ঞাপন করা হলো।	পরিচালক (অপারেশন)/ অতিঃ পরিচালক (রাজশাহী)
		ড) সমন্বিত অভিযানের মামলার খরচের জন্য প্রধান কার্যালয় থেকে বাজেট দেওয়া হবে।	পরিচালক (অপারেশন) সহকারী পরিচালক (অর্থ ও হিসাব)
		ঢ) যেসব জেলা কার্যালয়ে বরাদ্দকৃত বেতার সামগ্রী অবাধে পড়ে আছে অবিলম্বে সেগুলোকে যথাযথভাবে স্থাপন ও ব্যবহারযোগ্য করতে হবে।	পরিচালক (অপারেশন)/ সহকারী পরিচালক (অর্থ ও হিসাব)
৪.২	খানায় মামলা বুজুর ঝামেলা এড়ানো এবং কৌশলগত	দুদকের নমুনা/উদাহরণ ব্যবহার করে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক সরাসরি মামলা বুজু করা যাবে কিনা, আইনগত কোন বাধ্য বাধকতা আছে কিনা, থাকলে কিভাবে সেগুলো দূরীকরণ করা যায়	জনাব মোঃ মাজুদুল ইসলাম, উপপরিচালক, কুমিল্লা এবং জনাব মোঃ হাম্মান কবির.

ক্রম	আলোচনার বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
	দুরীকরণে দুদকের মতো স্বাধীনভাবে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক মামলা রুজুকরণ	অবহিত করতে হবে। এ বিষয়ে তথ্য প্রদানের জন্য জনাব মোঃ মানজুরুল ইসলাম, উপপরিচালক, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, কুমিল্লা এবং জনাব মোঃ হাম্মান কবীর, সহকারী পরিচালক, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, ব্রাহ্মণবাড়ীয়াকে দায়িত্ব প্রদান করা হলো। দায়িত্ব প্রাপ্তগণ আগামী ০১(এক) মাসের মধ্যে প্রতিবেদন দাখিল করবেন।	সহকারী পরিচালক, ব্রাহ্মণবাড়ীয়া
৪.৩	মাদকের অপব্যবহার ও ক্ষতিকর দিক সম্পর্কে গণসচেতনতা বৃদ্ধি সংক্রান্ত।	ক) গণসচেতনতার ক্ষেত্রে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (APA) ১০০% বাস্তবায়ন করতে হবে। প্রত্যেক প্রোগ্রামের সচিত্র তথ্য নিরোধ শিক্ষা শাখার পাশাপাশি মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত ই-মেইলে uddin616@gmail.com প্রেরণ করতে হবে। প্রোগ্রামের ছবি ফেসবুকে দিতে হবে। উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানসমূহে মাদক বিরোধী কমিটি গঠন করতে হবে। ছবির সাইজ হবে 4R এবং হার্ডকপি জেলা কার্যালয় পাঠাবে বিভাগীয় কার্যালয়ে। সংশ্লিষ্ট অতিরিক্ত পরিচালক একত্রিত করে সমন্বিত আকারে প্রধান কার্যালয়ে প্রেরণ করবেন। খ) ৮টি বিভাগীয় শহরে ১টি করে এলইডি টিভি, ১০টি kiosk এবং প্রত্যেক জেলায় ৩টি করে kiosk বিভাগ/জেলার গুরুত্বপূর্ণ জায়গায় স্থাপন করতে হবে। অতিরিক্ত পরিচালকগণ তদারকি করে অসমাপ্ত কাজ দ্রুত শেষ করাবেন। গ) আগামী ১৫-০৫-২০১৯ তারিখের মধ্যে kiosk সরবরাহ পাওয়া যাবে। মে-২০১৯ মাসের ১ম সপ্তাহের মধ্যে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর নিকট হতে উদ্বোধনের অনুমতি নেওয়ার চেষ্টা করতে হবে। ঘ) গণসচেতনতামূলক কার্যক্রমের জন্য মাঠ পর্যায় থেকে প্রোগ্রামের সম্ভাব্য খরচের বিবরণসহ অনুষ্ঠানের পূর্বেই অর্থ বরাদ্দ চাইতে হবে। চাহিদা ছাড়া অর্থ বরাদ্দ দেওয়া হবেনা। প্রাপ্ত বরাদ্দ আর্থিক বিধি-বিধান অনুসরণপূর্বক যথাসময়ে খরচ করে এবং প্রোগ্রাম সম্পাদন করার ব্যবস্থা নিতে হবে। মহাপরিচালকের অনুমোদন ব্যতীত অর্থ বরাদ্দ বা অর্থ ছাড় করা যাবেনা। ঙ) ওয়েব সাইটে ও বুলেটিনে প্রকাশের জন্য সফল অভিযান এবং আয়োজিত উল্লেখযোগ্য গণসচেতনতামূলক অনুষ্ঠানের ক্যাপশনসহ ছবি প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট অধিশাখায় এবং আইসিটি শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে। ফেসবুক ব্যবহারের নীতিমালায় আলোকে বর্ণনা থাকতে হবে।	পরিচালক (নিরোধ শিক্ষা)/ বিভাগীয় কর্মকর্তা/বিভাগীয় গোয়েন্দা/মেট্রো/ জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কর্মকর্তা (সকল)
			পরিচালক (নিরোধ শিক্ষা)/অতিরিক্ত পরিচালক(সকল)/সহকারী পরিচালক (খোর্ড)
			পরিচালক (নিরোধ শিক্ষা)/সহকারী পরিচালক (খোর্ড)
			পরিচালক (নিরোধ শিক্ষা)/ বিভাগীয় কর্মকর্তা/বিভাগীয় গোয়েন্দা/মেট্রো/ জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কর্মকর্তা (সকল)/ সহঃ পরিচালক (অর্থ ও হিসাব)
			পরিচালক (নিরোধ শিক্ষা)/ বিভাগীয় কর্মকর্তা/বিভাগীয় গোয়েন্দা/মেট্রো/ জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কর্মকর্তা (সকল)/সিইসিএ এনালিস্ট।
৪.৪	প্রিকারসর কেমিকেল এর সঠিক ব্যবহার এবং প্রয়োগ নিশ্চিতকরণ।	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ বিধিমালা ১৯৯৯ পুনঃ পরীক্ষা-নিরীক্ষাপূর্বক হালনাগাদকরণের কার্যক্রম গ্রহণ করতে হবে। নতুন পাসকৃত মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ অনুযায়ী দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য কমিটিকে অনুরোধ করা হলো।	পরিচালক (নিরোধ শিক্ষা)/ অতিরিক্ত পরিচালক, ঢাকা।
৪.৫	মাদকমুক্ত ঘোষণা করা	(ক) পর্যালোচনা ওয়ার্ড, ইউনিয়ন, উপজেলা মাদকমুক্ত ঘোষণা করতে হবে। শতভাগ নিশ্চিত না হয়ে মাদকমুক্ত ঘোষণা করা যাবে না। (খ) মাদকমুক্ত ঘোষণা করার লক্ষ্যে খুলনা বিভাগের কম মাদকপ্রবন ২টি জেলার ২টি উপজেলাকে নির্বাচন করে মাদকমুক্ত ঘোষণা করার জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিচালক (নিরোধ শিক্ষা)/ অতিরিক্ত পরিচালক, ঢাকা। অতিরিক্ত পরিচালক, খুলনা
৪.৬	সরকারী মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে প্রেধে ডাক্তার নিয়োগ প্রদানের	ক) চট্টগ্রাম নিরাময় কেন্দ্রে প্রেধে ডাক্তার নিয়োগের বিষয়ে পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন) ব্যক্তিগতভাবে উদ্যোগ গ্রহণ করবেন। খ) অধিদপ্তরের প্রধান কার্যালয় সেগুনবাগিচায় নতুন ভবনে স্থানান্তরের ফলে ৪৪১, তেজগাঁও শিল্প এলাকাস্থ সাবেক প্রধান কার্যালয় ভবনটিকে কিভাবে পরিপূর্ণরূপে মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রে হিসেবে	পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)/চীফ কমন্সালটেন্ট পরিচালক(প্রশাসন)/ চীফ কমন্সালটেন্ট/উপপরিচালক (প্রশাসন ও অর্থ)/

ক্রম	আলোচনার বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
	ব্যবস্থাকরণ ও কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের বেডগুলো আধুনিকরণ।	গড়ে তোলা যায় এবং ইকো প্রশিক্ষণ ও অধিদপ্তরের মাঠ পর্যায় থেকে আগত কর্মকর্তাবৃন্দকে থাকার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে প্রশাসন অধিশাখা দ্রুত কার্যক্রম গ্রহণ করবেন। মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে একটি সভার মাধ্যমে তা চূড়ান্ত করতে হবে।	
		গ) প্রতিটি জেলখানায় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র স্থাপন করার উদ্যোগ নিতে হবে। মাদকাসক্তি নিরাময় কেন্দ্র স্থাপন করা সম্ভব না হলে অন্তত জেলখানার একটি ওয়ার্ডে মাদকাসক্তদের চিকিৎসার ব্যবস্থা নিশ্চিত করতে হবে। জেল কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে কারা কর্মীদের প্রয়োজনীয় প্রশিক্ষণ কারাগারে দেয়ার ব্যবস্থা করতে হবে।	পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)
		ঘ) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর খুঁটিনাটি বিষয়াদি বিশ্লেষণ করার লক্ষ্যে একটি ওয়ার্কসপ আয়োজন করতে হবে।	পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)
৪.৭	বেসরকারী পর্যায়ে মাদকাসক্তি পরামর্শ কেন্দ্র, নিরাময় ও পুনর্বাসন কেন্দ্র প্রতিষ্ঠা ও পরিচালনাকরণ।	ক) যেসব জেলায় বেসরকারি মাদকাসক্তি পরামর্শ কেন্দ্র বা নিরাময় বা পুনর্বাসন কেন্দ্র নেই, সেসব জেলার কর্মকর্তাদের বেসরকারী নিরাময় কেন্দ্র স্থাপনের উদ্যোগ গ্রহণ করতে হবে। ব্যক্তিগত উদ্যোগ গ্রহণের মাধ্যমে এসব জেলায় কমপক্ষে ১টি করে বেসরকারি নিরাময় কেন্দ্র স্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। বেসরকারী মাদকাসক্তি নিরাময় কেন্দ্র স্থাপনের বিষয়ে উদ্যোগ গ্রহণ ও তা অব্যাহত রাখার জন্য অতিরিক্ত পরিচালক, বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, ঢাকা-কে খন্যবাদ জ্ঞাপন করা হলো।	পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)/ বিভাগীয়/ জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কর্মকর্তা (সকল)
		খ) বেসরকারী নিরাময় কেন্দ্রসমূহে রোগীদেরকে ধূমপান অবশ্যই নিরুৎসাহিত করতে হবে। যদি সম্ভব হয়, ধূমপানের জন্য একটি সম্পূর্ণ পৃথক 'স্মোকিং জোন' রাখতে হবে। ময়মনসিংহ ব্যতীত অন্যান্য বিভাগ হতে স্পষ্ট বাস্তবায়ন অগ্রগতি পাওয়া গেছে। আগামী ত্রৈমাসিক সমন্বয় সভার পূর্বে ময়মনসিংহ বিভাগ একটি ফটোআপ প্রতিবেদন প্রধান কার্যালয়ে পাঠাবেন।	অতিরিক্ত পরিচালক, (সমন্বয়কারী) ময়মনসিংহ
		গ) মাঠ পর্যায়ের সকল কর্মকর্তাকে নিরাময়কেন্দ্র পরিদর্শনের নির্ধারিত প্রমাপ অর্জন করতে হবে এবং পরিদর্শনের পরদিন নির্ধারিত ছকে প্রতিবেদন পাঠাতে হবে। পরিদর্শন প্রতিবেদনের কপি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিকটও পাঠাতে হবে। মাসের শেষে পরিদর্শন তালিকা প্রেরণ করবেন। পরিদর্শন প্রতিবেদন ই-মেইলে ও ডাকে প্রেরণ নিশ্চিত করতে হবে। মাসিক সভার ২ দিন আগে পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন) কে ফোন করে প্রতিবেদন প্রাপ্তি নিশ্চিত করবেন।	পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)/ অতিরিক্ত পরিচালক (সকল)
		ঘ) মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে চিকিৎসাধীন রোগীদের জন্য টীফ কনসালটেন্ট কর্তৃক প্রস্তুতকৃত আদর্শ ডায়েট চার্টটিকে মাঠ পর্যায়ে প্রেরণ করতে হবে এবং অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করতে হবে।	পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)/ টীফ কনসালটেন্ট
		ঙ) বেসরকারি নিরাময় কেন্দ্র স্থাপনের আবেদন বিবেচনার জন্য আইন বিধিমালা আলোকে বিদ্যমান চেকলিস্ট আপডেট করতে হবে।	পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)/ টীফ কনসালটেন্ট
		চ) নতুন বেসরকারি নিরাময় কেন্দ্র স্থাপনের আবেদন করেই কেন্দ্র চালু করা যাবে না এবং লাইসেন্স বিহীন বছরের পর বছর কার্যক্রম অব্যাহত রাখা যাবে না। তবে, সংশ্লিষ্ট বিভাগ ও জেলা কর্মকর্তার অনুমোদনে সর্বোচ্চ ৬ মাসের সাময়িক সনদ নিয়ে নতুন বেসরকারি নিরাময় কেন্দ্র চালু করা যেতে পারে। এ বিষয়ে আইন বিধিমালা আলোকে একটি অফিস আদেশ জারী করতে হবে। প্রয়োজনে বিধি সংশোধনের ব্যবস্থা নিতে হবে।	পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)
		ছ) বেসরকারি নিরাময় কেন্দ্র স্থাপনের জন্য আবেদনকারীগণের বিষয়ে পুলিশ প্রতিবেদন প্রাপ্তিতে বিলম্বের ক্ষেত্রে নিজেসব	বিভাগীয়/মোটো/বেদন মাসিক/নিয়ন্ত্রণ কর্মকর্তা (সকল)

ক্রম	আলোচনার বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কতৃপক্ষ
		আবেদনকারী সম্পর্কে খোঁজ খবর নিতে হবে। ক্রিমিনাল রেকর্ড আছে কিনা সে সংক্রান্ত তথ্য সংগ্রহ করে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর ১৪ ধারা মোতাবেক তদন্তকারী কর্মকর্তা প্রতিবেদন দিবে। প্রাপ্ত তথ্য সুপারিশে/অগ্রগামী পত্রে উল্লেখ করবেন।	
৪.৮	মাদকাসক্তদের ডাটাবেজ তৈরীকরণ	ক) বাংলাদেশে মাদকাসক্তদের ডাটাবেজ তৈরীকরণের লক্ষ্যে সেমাস করার জন্য ইউএনওডিসি'র সহযোগিতা চেয়ে পত্র প্রেরণ করতে হবে। পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন) এ বিষয়ে সংশ্লিষ্টদের সাথে যোগাযোগ অব্যাহত রাখবেন। খ) আগামী অর্থবছরে একটি সার্ভে স্টাডি করতে হবে। নিজস্ব বাজেটের আওতায় গবেষণা খাত হতে করা যেতে পারে। এ সংক্রান্ত উপপরিচালক মাজুমুল ইসলাম তার পূর্বের অভিজ্ঞতার আলোকে একটি কার্যনাথ আগামী ০১(এক) মাসের মধ্যে দাখিল করবেন।	পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন) পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)/উপপরিচালক (সহকারী পরিচালক (অর্থ ও হিসাব)
৪.৯	অডিট আপত্তি- নিষ্পত্তিকরণ	মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট অফিসসমূহ যোগাযোগ অব্যাহত রেখে দ্রুত অডিট আপত্তি নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। আগামী সপ্তাহে (মে-২০১৯ মাসের ১ম সপ্তাহে) মহাপরিচালক মহোদয় আবার যাবেন অডিট অফিসে।	পরিচালক (প্রশাসন)/ অতিঃ পরিচালক/ বিভাগীয় গোয়েন্দা/ জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয় (সকল)/ সহঃ পরিচালক (অর্থ ও হিসাব)/ বোর্ড:
৪.১০	পদোন্নতি সংক্রান্ত	ক) ভারপ্রাপ্ত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের মধ্যে যাদের ফিটার পদ পূরণ হয়েছে তাদের পূর্ণাঙ্গ পদোন্নতির প্রস্তাব স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগে অবিলম্বে প্রেরণ করতে হবে। খ) যে সব পদে প্রধান কার্যালয় থেকে পদোন্নতি দেয়া সম্ভব সেসব পদে আগামী ০২ (দুই) সপ্তাহের মধ্যে পদোন্নতি প্রদান করতে হবে। গ) রাজ্যসভাটি জেলায় এনফোর্সমেন্ট এর শূন্য পদে জন্মবল পদায়ন করা যায় কিনা, বিষয়টি বিবেচনা করে ব্যবস্থা নিতে হবে। ঘ) চাকুরীতে নবীন কর্মকর্তাদেরকে অতিরিক্ত পরিচালকগণ তদারকির মাধ্যমে কাজের গতি বৃদ্ধি করতে হবে।	পরিচালক (প্রশাসন)/ সহকারী পরিচালক (প্রশাসন) পরিচালক (প্রশাসন)/সহকারী পরিচালক (প্রশাসন) উপপরিচালক (প্রশাসন ও অর্থ) অতিঃ পরিচালক (সকল)
৪.১১	বিবিধ		
		১। অধিদপ্তরের মহাপরিচালক থেকে সিপাই পর্যন্ত কর্মকর্তা কর্মচারীগণের একই পোশাক পরিধান করতে হবে। সহকারী পরিচালক থেকে তদুর্ধ্ব কর্মকর্তাদের পোশাকের বিষয়ে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করতে হবে। সিপাই থেকে মহাপরিচালক পর্যন্ত একই রঙের পোশাক থাকবে। আগামী ০২ (দুই) সপ্তাহের মধ্যে প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণের কাজ সম্পন্ন করতে হবে।	পরিচালক (প্রশাসন)/সহকারী পরিচালক (কমন সার্ভিস)
		২। গ্র্যাকশন প্ল্যান, এপিএ, নির্বাচনী ইশতেহার, Innovation এবং শৃঙ্খার ও নৈতিকতা কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য সকলকে বলা হলো। কার্যতার দায়ভার স্ব-স্ব দায়িত্বপ্রাপ্ত অফিসকেই বহন করতে হবে।	পরিচালক/অতিরিক্ত পরিচালক/ বিভাগীয়/ জেলা কার্যালয় (সকল)
		৩। ইকো ট্রেনিং এর প্রতি কোর্সে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ৫ জন কর্মকর্তাকে ইকো ট্রেনিং দিতে হবে। প্রতি ০২ মাসে ৩টি ইকো ট্রেনিং আয়োজনের ব্যবস্থা করতে হবে। ১০ দিনের কম্প্রিহেনসিভ ইকো ট্রেনিং আয়োজন করতে হবে।	চীফ কনসালটেন্ট/ সহকারী পরিচালক (কমন সার্ভিস)

১৫

ক্রম	আলোচনার বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কতৃপক্ষ
		৪। দাপ্তরিক কাজে সরকারি কর্পোরেট মোবাইল নম্বর এবং সরকারি ডোমেইনভুক্ত (@dnc.gov.bd) ই-মেইল ব্যবহার পত্রভাগ চিহ্নিত করতে হবে।	বাস্তবায়নকারী কতৃপক্ষ পরিচালক (সকল)/সি.ই. কমন্স সেক্টর/বিভাগীয়/মেট্রো/জেলা/গোয়েন্দা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কর্মকর্তা (সকল)/ সহকারী পরিচালক (কমন সার্ভিস)।
		৫। আগামী ২ সপ্তাহের মধ্যে খুলনা বিভাগের মেহেরপুর জেলা এবং বরিশাল বিভাগের প্রতিটি জেলা কার্যালয়ে ওয়েব বেইজড বায়োমেট্রিক এটেনডেন্স চালু করতে হবে।	অতিরিক্ত পরিচালক, খুলনা/বরিশাল। সহঃ পরিচালক, (অর্থ ও হিসাব)।
		৬। কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার হতে প্রেরিতব্য রিপোর্টসমূহ সাধারণ ডাকে পাঠানোর ফলে মাঠ পর্যায়ে যথাসময়ে রিপোর্ট না পৌঁছানোর কারণে চার্জশীট দাখিলে সমস্যা হচ্ছে। এখন থেকে মামলার রিপোর্টসমূহ জিইপি যোগে পাঠাতে হবে।	প্রধান রাসায়নিক পরীক্ষক, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার
		৭। উর্ভিকৃত মাদকাসক্ত রোগীদের কারিগরি শিক্ষায় স্বাবলম্বী করে গড়ে তোলার জন্য কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে ১০টি এবং ৩টি বিভাগীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের প্রতিটির জন্য ৩টি করে ৯টি অর্থাৎ সর্বমোট ১৯টি কম্পিউটার সরবরাহ দিতে হবে।	পরিচালক (প্রশাসন) সহঃ পরিচালক (অর্থ ও হিসাব)।
		৮। প্রত্যেক জেলায় মাদকাসক্তি হতে নিরাময় হওয়া ব্যক্তিগণের কম্পিউটার দক্ষতা বৃদ্ধি বিষয়ক প্রকল্প গ্রহণ করতে হবে।	প্রকল্প পরিচালক।
		৯। প্রত্যেক জেলায় ডিএনসি'র প্রসিকিউশন অফিস অনুশোধিত হয়েছে। সিএমএম কোর্টসহ নতুন সব আদালত উভয়ে ডিএনসি'র প্রসিকিউশন অফিসের জন্য অফিস স্পেস বরাদ্দ রাখার জন্য আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়কে অনুরোধ জানানোর প্রস্তাব দিয়ে সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে।	পরিচালক (প্রশাসন)/ পরিচালক (অপারেশনস)
		১০। আইন প্রয়োগকারী সংস্থা হিসেবে ডিএনসি'র লোকজনকে নির্বাচনী কাজের দায়িত্ব না দেয়ার জন্য নির্বাচন কমিশনকে অনুরোধ করার প্রস্তাব দিয়ে সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে। অধিদপ্তরের প্রশিক্ষণ কার্যক্রমে নির্বাচন কমিশন সচিবকে আমন্ত্রণ জানাতে হবে।	পরিচালক (প্রশাসন)
		১১। মাঠ পর্যায়ে সরবরাহ করার জন্য কেন্দ্রীয়ভাবে পর্যাপ্ত হাতকড়া ক্রয় করতে হবে।	অতিরিক্ত পরিচালক (সকল)/ সহঃ পরিচালক (অর্থ ও হিসাব)
		১২। যেসব জেলা কার্যালয়ের অফিস ডবনের ভৌত অবকাঠামো দুর্বল অবস্থায় আছে সেসব জেলা কর্মকর্তাগণ নতুন বাড়ী ভাড়া নিয়ে মান সম্মত অফিসের ব্যবস্থা করবেন।	অতিরিক্ত পরিচালক (সকল)/ জেলা কার্যালয় (সকল)।
		১৩। জেলা কার্যালয়ের সামনে লাইটিং সিস্টেম সুন্দর সাইনবোর্ড লাগাতে হবে। রাতের বেলায়ও যাতে সাইনবোর্ডটি নজরে পড়ে সে রকম স্থানে বসাতে হবে।	বিভাগীয়/মেট্রো/জেলা/ গোয়েন্দামাদকদ্রব্য নিয়ন্ত্রণ কর্মকর্তা (সকল)/ সহকারী পরিচালক (কমন সার্ভিস)।
		১৪। প্রধান কার্যালয়ের বড় সম্মেলন কক্ষের ডেকোরেশনের জিনিসপত্র/রজিন লাইটসমূহ ভাড়া না এনে স্থায়ী ভাবে ক্রয় করতে হবে।	সহকারী পরিচালক (অর্থ ও হিসাব)

ক্রম	আলোচনার বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কতৃপক্ষ
		১৫। টেকনাফে বায়োমেট্রিক হাজিরা চালু করতে হবে।	অতিরিক্ত পরিচালক (চট্টগ্রাম)/সহকারী পরিচালক (কক্সবাজার)
		১৬। টেকনাফে পোস্টিং এর জন্য পুলভিত্তিক তালিকা তৈরি করতে হবে। পুলভিত্তিক তালিকা মতে ৬ মাস পর পর বদলি অব্যাহত রাখতে হবে।	পরিচালক (প্রশাসন ও অর্থ)/ সহকারী পরিচালক(প্রশাসন)
		১৭। মৌলভীবাজারের মাদক পরিস্থিতি নিয়ে দাখিলকৃত প্রতিবেদন নিয়ে আলোচনা শেষে সিদ্ধান্ত হয় যে, আগামী মে-জুন দুই মাসে সেখানে জেলা/উপজেলা প্রশাসনকে নিয়ে ৫০টি মাদক বিরোধী সভা/সেমিনার/পথসভা/গণসচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করতে হবে। এছাড়া অবৈধ মাদকের ব্যবহার বিষয়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিচালক (নিরোধ- শিক্ষা/অপারেশন)/অতিরিক্ত পরিচালক (সিলেট) সহকারী পরিচালক, মৌলভীবাজার

সভায় আর কোন বিষয়ে আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(মোঃ জামাল উদ্দীন আহমেদ)
মহাপরিচালক

নং- ৫৮.০৪.০০০০.০০৬.০৬.৪০৩.১৯- ২৪৬৫

তারিখ : ২২/০৫/২০১৯ খ্রি:

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল।

- ০১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (অতিরিক্ত সচিব যাদক অনু বিভাগ)
- ০২। পরিচালক (প্রশাসন/অপারেশন/নিরোধ শিক্ষা/চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা।
- ০৩। চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
- ০৪। প্রধান রাসায়নিক পরীক্ষক, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা।
- ০৫। অতিরিক্ত পরিচালক/অতিরিক্ত পরিচালক (সমন্বয়কারী) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা/ বরিশাল/সিলেট/ ময়মনসিংহ/ রংপুর/ গোয়েন্দা শাখা, ঢাকা।
- ০৬। সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৭। নির্বাহী ম্যাজিস্ট্রেট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৮। উপপরিচালক/সহকারী পরিচালক (), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/ মেট্রো উপঅঞ্চল/জেলা কার্যালয়।
- ০৯। উপ পরিচালক/সহপরিচালক ()/সহঃ প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ১০। সিনিয়র কনসালটেন্ট/মেডিকেল অফিসার, বিভাগীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা।
- ১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ১২। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী। অতিঃ মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ১৩। অফিস কপি/গার্ড ফাইল।

২২/০৫/২০১৯
(মোঃ জিল্লুর রহমান)
সহকারী পরিচালক (প্রশাসন)
মোবাইল-০১৭১৭-৪২৮৮১৬